

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শুষ্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর
চট্টগ্রাম সমিতি ভবন (৩য়, ৬ষ্ঠ-৮ম তলা)
৩২, তোপখানা রোড, ঢাকা-১০০০।

নথি নং-০১(বা)/ডেডো/পলিসি/সভা২০২২/০১/

তারিখঃ

সভার কার্যবিবরণী

বিষয় : সাপ্তাহিক মতবিনিময় সভা।

স্থান : সম্মেলন কক্ষ, শুষ্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।

তারিখ ও সময় : ১৩ এপ্রিল, ২০২২ খ্রিঃ বিকাল ১২.০০ ঘটিকা।


সভাপতি : জনাব মোহাম্মদ বেলাল হোসাইন চৌধুরী, মহাপরিচালক, শুষ্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।

বর্ণিত বিষয়ক সভাটি গত ১৩.০৪.২০২২ খ্রিঃ তারিখে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। শুষ্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর এর স্বাভাবিক কার্যক্রম এর অগ্রগতির বিষয়ে সাপ্তাহিক মিটিং এ শুষ্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর এর কর্মকর্তারা উপস্থিত ছিলেন। উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভা শুরু করেন। সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিচে ছকে বর্ণিত হলোঃ

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
	(০১)	(০২)	(০৩)
১.	প্রশিক্ষণ বিষয়ক	সভায় ডেডোর কর্মকর্তা/কর্মচারীদের কাজের নির্ভুলতা তৈরি এবং গতি বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের বিষয়ে আলোচনা হয়।	প্রধান তিনটি বিষয়ের উপর জোর দিয়ে Power Point Presentation এর মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হবে। ক) সহগ নির্ধারণ খ) প্রত্যর্পণ ও ফেরত প্রদান গ) সমহার নির্ধারণ
২.	সহগ বিষয়ক Presentation	সহগ নির্ণয়ের বিভিন্ন পদ্ধতি রয়েছে। সহগ নির্ধারণে কি কি বিষয় দেখা হয়, কিভাবে অপচয় হার নির্ধারণ করা হয় প্রভৃতি বিষয়ে ব্যাপক আলোচনা হয়। সমহার, প্রকৃতহারের ফেরতের ক্ষেত্রে সহগ সম্পর্কে ধারণা থাকা খুবই প্রয়োজন মর্মে সকলে একমত পোষন করেন।	সহগ কিভাবে নির্ধারণ করা হয় তা Power Point Presentation এ বিভিন্ন Slide এর মাধ্যমে উপস্থাপন করতে হবে। এ বিষয়ে কমিটি গঠন করা হবে সহকারী পরিচালক-২ এর নেতৃত্বে। সদস্য হিসেবে থাকবেন কস্ট একাউন্টেন্ট এবং সেক্টর স্পেশালিস্ট ২ জন। এখানে মূলত ৩টি বিষয় থাকবে- ক) পণ্যের নাম খ) সহগ নির্ধারণের পর বিবেচনাযোগ্য উপকরণ গ) অপচয়ের পরিমাণ। কমিটি যুগ্ম-পরিচালক মহোদয়ের নিকট রিপোর্ট প্রদান করবেন।
৩.	ফেরত প্রদান বিষয়ক Presentation	২ ধরনের ফেরত প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়। বিদেশীদের ফেরত প্রদান এবং দেশীয় প্রতিষ্ঠানগুলোর প্রত্যর্পণ প্রদান।	এ বিষয়ে Presentation তৈরি এবং উপস্থাপনের জন্য গঠিত কমিটিতে থাকবেন দুইজন সহকারী রাজস্ব কর্মকর্তা, একজন রাজস্ব কর্মকর্তা ও ৩জন সহকারী পরিচালক এবং নেতৃত্বে থাকবেন যুগ্ম-পরিচালক। যুগ্ম-পরিচালক কাজের পরিধি ও মান দেখে সময় নির্ধারণ করবেন।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
	(০১)	(০২)	(০৩)
৪.	হার নির্ধারণ বিষয়ক Presentation	সমহার এবং প্রকৃতহার এই দুই প্রকারের হার নির্ধারণ বিষয়ে আলোচনা হয়।	হার নির্ধারণ বিষয়ক কমিটি সাব-কমিটি গঠন করে কাজ করবে। তত্ত্বাবধানে থাকবেন যুগ্ম-পরিচালক।
৫.	পূর্ণাঙ্গ Presentation	অন্যান্য কমিশনারেটে উপস্থাপনের জন্য একটি পূর্ণাঙ্গ Power Point Presentation এর বিষয়ে মহাপরিচালক মহোদয় সভায় আলোচনা করেন।	পূর্ণাঙ্গ Presentation এ নিম্নোক্ত বিষয়সমূহ থাকবেঃ ক) ডেডো মূলত কোন কোন ক্ষেত্রে ফেরত/প্রত্যর্পণ প্রদান করে কিভাবে সহগ নির্ধারণ করে, খ) ডেডোকে নিয়ে লেখা বিভিন্ন দেশী-বিদেশী পত্রিকার কলাম। গ) ডেডোর কাজের ধরন ও প্রক্রিয়া নিয়ে প্রস্তুতকৃত Presentation টি চট্টগ্রামে Customs Training Academy তে প্রেরণ করা হবে। যাতে ডেডোর কাজকে নতুনভাবে সিলেবাসে অন্তর্ভুক্ত করা হয়। ঘ) এছাড়াও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা-২০১৬ অনুযায়ী বিধি ৫৬-তে এয়ারপোর্টে আগত বিদেশী পর্যটকদের ক্রয়কৃত পণ্যের মূসক ফেরত প্রদানের বিষয়টি ও Presentation এ অন্তর্ভুক্ত থাকবে, যার কার্যক্রম এখনও শুরু হয়নি। এতে করে নতুন এই কার্যক্রমটি শুরু হবে এবং সকলে অবহিত হতে পারবে। এই বিধির কার্যক্রম শুরু করার জন্য জাতীয় রাজস্ব বোর্ডে প্রস্তাব প্রেরণ করা হবে।


পরিশেষে সমাপনী বক্তব্য প্রদানের মাধ্যমে মহাপরিচালক মহোদয় সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।


মোহাম্মদ হোসাইন চৌধুরী
মহাপরিচালক
ফোনঃ ০২-২২৩৩৮৮৫৪৪

নথি নং-০১(ক)/ডেডো/পলিসি/সভা২০২২/০১/১২২৪(১)
অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যক্রমের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

তারিখঃ ২৭/৪/২০২২

- ০১। যুগ্ম-পরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
- ০২। সহকারী পরিচালক (সকল), শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
- ০৩। সহকারী প্রোগ্রামার, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
- ০৪। রাজস্ব কর্মকর্তা (সকল), শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
- ০৫। সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল), শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
- ০৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।


শরীফ মোঃ আল-আমীন
সহকারী পরিচালক
মহাপরিচালকের পক্ষে